অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 6/30/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো এসেক্স কাউন্টিতে ধর্মীয় অনুষ্ঠানে COVID-19 এর সম্ভাব্য শনাক্তকরণ তদন্তের জন্য স্টেট DOH-কে নির্দেশ দিয়েছেন

নিউ ইয়র্ক স্টেট ও এসেক্স কাউন্টি আজ বিকেল 4টা থকে সন্ধ্যা 7টা পর্যন্ত টাইনডুরোগা এলিমেন্টারি ও মিডল স্কুলে বিনামূল্যে পরীক্ষা প্রদান করবে

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এসেক্স কাউন্টির টাইনডুরোগার সেন্ট মেরিস ক্যাথলিক চার্চে 21 জুন সকাল 9 টায় অনুষ্ঠিত ধর্মীয় অনুষ্ঠানে COVID-19 এর সম্ভাব্য শনাক্তকরণ রিপোর্টসমূহ তদন্তের জন্য স্টেট স্বাস্থ্য বিভাগকে নির্দেশ দিয়েছেন। যদিও এই মুহূর্তে এই অনুষ্ঠানে যোগ দেওয়া মাত্র একজন ব্যক্তি পরীক্ষা করে আক্রান্ত হওয়ার বিষয়ে নিশ্চিত হয়েছেন বলে জানা গেছে, বিশাল সমাবেশে এই ভাইরাসটি কীভাবে ছড়িয়ে পড়তে পারে সে বিষয়ে স্টেট এই সম্প্রদায়কে সুরক্ষিত করার জন্য সক্রিয় ব্যবস্থা গ্রহণ করছে এবং এই ধর্মীয় অনুষ্ঠানে যারা উপস্থিত ছিল তারা COVID-19 এ আক্রান্ত কি না তা পরীক্ষা করার জন্য সহায়তা করছে।

"প্রাথমিক তদন্তে দেখা গেছে যে ফ্লোরিডায় ভাইরাসে সংক্রমিত ব্যক্তির সংস্পর্শে আসার পর এই ধর্মীয় অনুষ্ঠানে উপস্থিত একজন ব্যক্তি COVID-19 এর জন্য পরীক্ষা করে আক্রান্ত হওয়ার বিষয়ে নিশ্চিত হয়েছেন," **গভর্নর কুওমো বলেন।** "এসেক্স কাউন্টির ব্যক্তিরা যথাযথ স্ব-বিচ্ছিন্নতার ব্যবস্থা মেনে চলছে এবং এই ধর্মীয় অনুষ্ঠানের সাথে সম্পর্কিত কোনো অতিরিক্ত পরিচিত শনাক্তকরণ পাওয়া যায়নি।"

"স্টেট স্বাস্থ্য বিভাগ (Department of Health, DOH) ও এসেক্স কাউন্টির স্বাস্থ্য বিভাগ (Essex County Health Department) সেন্ট মেরির কর্মকর্তাদের সাথে কাজ করছে যারা এই ধর্মীয় অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিল এবং পরবর্তী যেকোনো সমাবেশে প্রকাশিত হতে পারে তা শনাক্ত করতে," **গভর্নর কুওমো আরো বলেন।** "নিউ ইয়র্ক স্টেট কন্ট্যাক্ট ট্রেসিং প্রোগ্রাম চিহ্নিত ব্যক্তিদের সাথে যোগাযোগ করার চেষ্টা করবে। আমি এই এই ধর্মীয় অনুষ্ঠানে অংশ নেওয়া যেকোনো ব্যক্তিকে একটি COVID পরীক্ষা করানোর জন্য উৎসাহিত করছি যাতে আমরা আক্রান্ত ব্যক্তিদের শনাক্ত করতে এবং আলাদা করতে পারি এবং ভাইরাসের আরও ছড়িয়ে পড়া শিথিল করতে পারি।"

স্টেট ও কাউন্টি DOH আজ 30 জুন, 2020, টাইনডুরোগা এলিমেন্টারি / মিডল স্কুল, 116 Alexandria Avenue, Ticonderoga, NY 12883 এ বিকেল 4 টা থেকে সন্ধ্যা 7টা পর্যন্ত পরীক্ষার ব্যবস্থা করেছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন